# বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

৯২ হাওড়া-আমতা রোড, বালিটিকুরী, দাসনগর, হাওড়া-৭১১১১৩

(Regd. No. – 28(HOW), Date – 23.04.1974)

-------------------

## প্রতিনিধি নির্বাচন - ২০২৪ –এর বিজ্ঞপ্তি

Memo. No.- ELEC/BCBL/ 21 Date -22.11.2024

পশ্চিমবঙ্গ সমবায় নির্বাচন কমিশনের রেগুলেশন-২০১২ এবং সমবায় নির্বাচন কমিশনের রিটার্নিং অফিসার, হাওড়া রেঞ্জ তথা সমবায় সমিতি সমূহের সহ-নিবন্ধক, হাওড়া রেঞ্জ–এর আদেশ নং- ৯১৮, তারিখ- ২৪/০৭/২০২৪ দ্বারা ক্ষমতা প্রাপ্ত হয়ে আমি, শ্রী সমীর কুমার ভুক্ত, সমবায় উন্নয়ন আধিকারিক তথা সহকারী রিটার্নিং অফিসার, হাওড়া রেঞ্জ, বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড-এর সমস্ত সদস্য/সদস্যা গণকে জানাচ্ছি যে উক্ত সমবায় ব্যাংকের আসন্ন বিশেষ সাধারণ সভা উপলক্ষে সমবায় নির্বাচন কমিশনের রিটার্নিং অফিসার, হাওড়া রেঞ্জ–এর পত্রাঙ্ক নম্বর - ১৩৬১, তাং- ১২/১১/২০২৪ এর পরিপ্রেক্ষিতে মুলতুবি রাখা প্রতিনিধি (Delegate) নির্বাচনটি আগামী ২২/১২/২০২৪ (রবিবার) তারিখে নিম্নে বর্নিত নির্বাচনক্ষেত্র ও সংযোজিত পুনর্নির্ধারিত নির্বাচনী নির্ঘন্ট-এর সূচী অনুসারে অনুষ্ঠিত হবে।

উক্ত নির্বাচনে যথাযথ অংশ গ্রহণ এবং তা সুসম্পন্ন করার জন্য প্রতিষ্ঠানের সকল সদস্য ও সদস্যাকে অনুরোধ করা হল।

|| প্রতিনিধি নির্বাচন সংক্রান্ত জ্ঞাতব্য তথ্য সমূহ ও নির্বাচনসূচী ||

(ক) ব্যাংকের প্রতিনিধি নির্বাচনে শূন্যপদের সংখ্যা : ৪২ (বিয়াল্লিশ); (খ) নির্বাচনক্ষেত্রের সংখ্যা : ৬

(গ) নির্বাচনক্ষেত্রের বিবরণ এবং ভোটগ্রহণ কেন্দ্র-এর নাম :

| নির্বাচন ক্ষেত্রের ক্রমিক সংখ্যা (No. of the Constituency) | নথিভুক্ত নির্বাচন ক্ষেত্রের এলাকা (Enlisted Area of the Constituency) | মোট নির্বাচক সংখ্যা | নির্দিষ্ট এলাকা থেকে নির্বাচিত প্রতিনিধি সংখ্যা | | | | ভোট গ্রহণ কেন্দ্র এবং ঠিকানা |
|---|---|---|---|---|---|---|---|
| | | | জেনারেল | মহিলা | তজাঃ/ তউজাঃ | মোট | |
| ১) | ইস্ট জোন | ২৭৬৮ | ৮ | ১ | - | ৯ | BALITIKURI MUKTARAM DEY HIGH SCHOOL – BALITIKURI, BAKULTOLA & BALITIKURI HOUSING ESTATE ADARHA PRIMARY VIDYALAYA, BALITIKURI |
| ২) | ওয়েস্ট জোন ঃ এ | ১৭৯৬ | ৪ | ১ | ১ | ৬ | BAMUNPARA PRAMATHA NATH CHATTOPADHYAY PRATHAMIK VIDYALAYA - BALITIKURI, BAMUNPARA |
| ৩) | ওয়েস্ট জোন ঃ বি | ১৯২১ | ৫ | ১ | - | ৬ | AMINA KHATUN PRIMARY SCHOOL - BALITIKURI SEKH PARA & SALAP VIVEKANANDA INSTITUTION - SALAP SCHOOL BOTTOLA |
| ৪) | নর্থ জোন ঃ এ | ১৯৩১ | ৫ | ১ | - | ৬ | CTI JUNIOR BASIC SCHOOL - ATI, DASNAGAR, HOWRAH |
| ৫) | নর্থ জোন ঃ বি | ২০১৩ | ৫ | ১ | ১ | ৭ | KONA HIGH SCHOOL - KONA, HOWRAH & CHAMRAIL BALIKA VIDYALAYA - CHAMRAIL, HOWRAH |
| ৬) | সেন্ট্রাল জোন | ২২৭১ | ৭ | ১ | - | ৮ | MANASI KINDERGARTEN SCHOOL BALITIKURI, BAMUNPARA, HOWRAH |
| | মোট | ১২৭০০ | ৩৪ | ৬ | ২ | ৪২ | |

বিঃদ্রঃ - কোনো নির্দিষ্ট নির্বাচনক্ষেত্রের প্রতিনিধিগণ কেবলমাত্র ঐ নির্বাচনক্ষেত্রের ভোটার দ্বারা নির্বাচিত হবেন।*প্রতি নির্বাচন* ক্ষেত্রে মহিলাদের জন্য সংরক্ষিত আসন সংখ্যা -১ । তপশিলীজাতি/তপশিলীউপজাতির জন্য মোট সংরক্ষিত আসন সংখ্যা -২ (ওয়েস্ট জোন ঃ এ এবং নর্থ জোন ঃ বি থেকে ১টা করে)।

ঘ) নির্বাচনের নির্ঘন্ট ঃ

| ক্রমিক নং | বিষয় | তারিখ | সময় | স্থান | দায়িত্বপ্রাপ্ত আধিকারিক |
|---|---|---|---|---|---|
| ১) | মনোনয়ন পত্র বিলি | ২৮/১১/২০২৪ এবং ২৯/১১/২০২৪ | সকাল ১০.০০টা থেকে দুপুর ২.০০টা | ব্যাঙ্কের প্রধান কার্যালয় | ব্যাঙ্কের ভারপ্রাপ্ত কর্মীদ্বয় |
| ২) | মনোনয়ন পত্র পেশ | ৩০/১১/২০২৪, ০১/১২/২০২৪ এবং ০২/১২/২০২৪ | সকাল ১১.৩০টা থেকে বৈকাল ৩.০০টা | ব্যাঙ্কের প্রধান কার্যালয় | এ.আর.ও. |
| ৩) | মনোনয়ন পত্র পরীক্ষা | ০৪/১২/২০২৪ | সকাল ১১.৩০ টা থেকে | ব্যাঙ্কের প্রধান কার্যালয় | এ.আর.ও. |
| ৪) | বৈধ মনোনয়ন পত্রের তালিকা প্রকাশ | ০৪/১২/২০২৪ | মনোনয়ন পত্র পরীক্ষার পর | ব্যাঙ্কের প্রধান কার্যালয় | এ.আর.ও. |
| ৫) | মনোনয়ন পত্র ও প্রার্থী-পদ প্রত্যাহার-এর শেষ তারিখ এবং সময় | ০৫/১২/২০২৪ | বিকাল ৩.০০ টা পর্যন্ত | ব্যাঙ্কের প্রধান কার্যালয় | এ.আর.ও. |
| ৬) | প্রত্যাহার শেষে বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ | ০৫/১২/২০২৪ | বিকাল ৩.০০ টা-র পর | ব্যাঙ্কের প্রধান কার্যালয় | এ.আর.ও. |
| ৭) | প্রতীক বন্টন (প্রয়োজনবোধে) | ০৫/১২/২০২৪ | বিকাল ৩.০০ টা-র পর | ব্যাঙ্কের প্রধান কার্যালয় | এ.আর.ও. |
| ৮) | ভোট গ্রহণের তারিখ, সময়, স্থান | ২২/১২/২০২৪ | সকাল ১০.০০টা থেকে বিকাল ৪:৩০মি: পর্যন্ত | নির্দিষ্ট নির্বাচনক্ষেত্র-এর জন্য উপরে উল্লিখিত নির্বাচন কেন্দ্রে | ভোট কর্মীগন দ্বারা |
| ৯) | ভোট গননা | ২২/১২/২০২৪ | ভোটগ্রহণ শেষ হওয়ার পর | নির্বাচন কেন্দ্রে | ভোট কর্মীগন দ্বারা |
| ১০) | ফল প্রকাশ | ২২/১২/২০২৪ | গণনা শেষ হওয়ার পর | নির্বাচন কেন্দ্রে | এ.আর.ও. |

## (১) শ্রী বাচ্চু মন্ডল, অফিসার এবং (২) শ্রী দেবীপ্রসাদ চ্যাটার্জী, ম্যানেজার

তারিখ: ২২/১১/২০২৪

স্থান : বালিটিকুরী-হাওড়া

B.C.B LTD.
22/11/24
A.R.O

স্বাঃ

(সমীর কুমার ভুক্ত)

অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার

বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড

## || প্রতিনিধি নির্বাচন সংক্রান্ত বিশেষ দ্রষ্টব্য ||

(১) নির্বাচনী নির্ঘন্টের উল্লেখিত সূচী অনুযায়ী সমস্ত কাজকর্ম পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমুহের আইন, ২০০৬ ও পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমূহের নিয়মাবলী, ২০১১ (সংশোধনীসহ), সমিতির উপবিধি এবং সমবায় নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি নং- ১৫/সি. ই .সি., তারিখ ১৩/০৪/২০১২ ও এই সংক্রান্ত পরবর্তী কালে প্রকাশিত অনান্য বিজ্ঞপ্তি এবং **R.B.I.** এর নির্দেশাবলী-এর সংস্থান অনুযায়ী পরিচালিত হবে।

(২) মনোনয়নপত্র গ্রহনের প্রথম দিনে প্রার্থীর,

ক) বয়স অবশ্যই ১৯ বছর পূর্ণ হতে হবে।

খ) সমিতির সদস্য পদে নিরবিচ্ছিন্ন ভাবে অন্তত ১২ মাস অতিবাহিত হতে হবে।

(৩) যে কোনো সমবায় সমিতি, সরকারী বা অন্য কোনো সংবিধিবদ্ধ কতৃপক্ষের থেকে গৃহীত ঋণ পরিশোধে বা ধারে জিনিস কিনে খেলাপী করে মনোনয়ন -এর আগে পর্যন্ত খেলাপী থাকলে বা কোনো উপযুক্ত আদালত কর্তৃক দুঃশচরিত্র জনিত দণ্ডনীয় অপরাধে বা এই আইন মোতাবেক সংঘটিত কোনো অপরাধে কোনো আদালত কর্তৃক জরিমানা বা কারাদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হলে প্রার্থীপদে যোগ্য বলে গণ্য হবেন না।

(৪) উপরিউক্ত যোগ্যতাবলী ছাড়াও, প্রতিনিধি (**Delegate**) পদে নির্বাচনের জন্য পরিচালকমন্ডলীর পদে নির্বাচিত হওয়ার জন্য পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমুহের আইন, ২০০৬ ও পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমূহের নিয়মাবলী, ২০১১ (সংশোধনীসহ) এবং সমিতির নিবন্ধীকৃত উপবিধিতে এবং RBI এর নির্দেশাবলীতে বর্নিত যোগ্যতা সমূহ থাকতে হবে।
অনুরূপভাবে Disqualification বা অযোগ্যতার শর্তাবলীও প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে বলবৎ থাকবে।

(৫) কোনো নির্দিষ্ট নির্বাচনক্ষেত্রের প্রতিনিধিগন কেবলমাত্র ঐ নির্বাচনক্ষেত্রের নির্বাচক দ্বারা নির্বাচিত হবেন।

(৬) প্রার্থীর মনোনয়নপত্রের প্রস্তাবক বা সমর্থক-কেঅবশ্যই প্রার্থীর নির্দিষ্ট নির্বাচনক্ষেত্রের হতে হবে।

(৭) একজন নির্বাচক যতজন প্রতিনিধি নির্বাচিত হবেন সর্বাধিক ততজন প্রার্থীর ক্ষেত্রে তিনি প্রস্তাবক বা সমর্থক বা উভয় মিলে হতে পারেন। একজন প্রার্থী নিজেকে বাদ দিয়ে আর যতজন প্রতিনিধি নির্বাচিত হবেন ততজন প্রার্থীর ক্ষেত্রে তিনি প্রস্তাবক বা সমর্থক বা উভয় মিলে হতে পারেন।

(৮) ভোট প্রদানে অংশ গ্রহনের প্রবেশপত্র হিসাবে ব্যাংকের জমা বা ঋণ সংক্রান্ত পাশবই এবং পরিচয়পত্র হিসাবে ভারতীয় নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত সচিত্র পরিচয়পত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। প্রশাসন কর্তৃক সচিত্র পরিচয়পত্র এখনো সরবরাহ না হলে বা হারিয়ে গেলে ভারতীয় নির্বাচন কমিশনের অনুমোদিত সচিত্র ১১ টি বিকল্পের যে কোনো একটি অবশ্যই আনতে হবে ।

(৯) মনোনয়নপত্র পরীক্ষার দিন প্রার্থীকে বা তাঁর ইলেক্শন এজেন্টকে উপস্থিত থাকতে হবে। ইলেক্শন এজেন্টকে অবশ্যই উক্ত প্রার্থির নির্দিষ্ট নির্বাচনক্ষেত্রের প্রতিনিধি হওয়ার যোগ্যতা সম্পন্ন ভোটার হতে হবে।

(১০) মনোনয়নপত্র প্রত্যাহার প্রার্থীকে নিজেকে উপস্থিত হয়ে লিখিত ভাবে করতে হবে।

(১১) তপশিলী জাতি / উপজাতি পদের প্রার্থীকে এ সংক্রান্ত সরকার প্রদত্ত শংসাপত্র-এর প্রত্যয়িত প্রতিলিপি মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে এবং মনোনয়নপত্র পরীক্ষার দিন **Original** সঙ্গে আনতে হবে।

(১২) প্রার্থী যে অন্য কোনো সরকারী বা অন্য কোনো সংবিধিবদ্ধ প্রতিষ্ঠানের নিকট খেলাপী নন সে সম্পর্কে_মনোনয়নপত্রের সাথে স্ব-শংসাপত্র জমা দিতে হবে ।

(১৩) অন্ধ, অশক্ত ও/বা নিরক্ষর নির্বাচকরা ভোট সঙ্গী (**Companion**) দিয়ে ভোট দিতে পারবেন। তবে একজন ব্যাক্তি কেবলমাত্র একজন নির্বাচকেরই ভোট সঙ্গী হতে পারবেন।

(১৪) 'ভোট সঙ্গী' বা **Companion** কে ঐ নির্বাচনক্ষেত্রের ভোটার হওয়া বাঞ্ছনীয়।
যেহেতু সমবায় আইন ও বিধি অনুযায়ী সমিতির সদস্যদের নিয়ে সংঘটিত বিশেষ সাধারন সভার পরিচালকমন্ডীর নির্বাচন সংঘটিত হয় এবং ঐ সভায় কেবল সমবায় সমিতির সদস্যরাই উপস্থিত থাকতে পারেন, আবার যেহেতু প্রতিনিধি নির্বাচন (Delegate Election) পরিচালকমন্ডীর নির্বাচন (B.O.D Election)- এরই প্রথম ধাপ, সেহেতু 'ভোট সঙ্গী' বা **Companion** কে অবশ্যই ব্যাঙ্কের সদস্য/সদস্যা হতে হবে।

(১৫) ইচ্ছুক প্রার্থিদের সুবিধার্থে এবং ত্রুটির সম্ভাবনা কমানোর জন্য ব্যাঙ্কের প্রধান শাখা থেকে ২৮/১১/২০২৪ এবং ২৯/১১/২০২৪ এই দুই দিন ফাঁকা মনোনয়নপত্র বিলি করার ব্যবস্থা রাখা হয়েছে।

তারিখ: ২২/১১/২০২৪
স্থান : বালিটিকুরী- হাওড়া

B.C.B LTD.
22/11/24
A.R.O

(সমীর কুমার ভুক্ত)
অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার
বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড